

2 0 1 8

BENGALI

(Major)

Paper : 1.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও :

১×১০=১০

(ক) “স্বৈন্দ-মকরন্দ বিন্দু বিন্দু চুম্বত
বিকশিত ভাব-কদম্ব ॥”

এটি কোন পর্যায়ের পদ?

(খ) “মেঘ যামিনী অতি ঘন আন্ধিয়ার।”

পদটির রচয়িতা কে?

(গ) “অঙ্কুর তপন- তাপে যদি জারব
কি করব বারিদ মেহে ॥”

‘মেহে’ শব্দের অর্থ লেখো।

(ঘ) “সই কেবা শুনাইল শ্যাম নাম।”

পদটি কোন পর্যায়ের?

(ঙ) “রূপের পাথারে _____ ডুবি সে রহিল।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(চ) “মেঘ দেখিলেই মাত্র হয় অচেতন।”

এখানে কার কথা বলা হয়েছে?

- (ছ) মহাপ্রভুর প্রথমা স্ত্রীর নাম কী ?
- (জ) “মৌড়েশ্বর গোসাঞির হইল গর্জন ।”
‘মৌড়েশ্বর গোসাঞি’ কে ?
- (ঝ) কোথায় শ্রীবাস পণ্ডিত জন্মগ্রহণ করেছিলেন ?
- (ঞ) “প্রভুর প্রভাবে গুপ্ত পরম পণ্ডিত ।”
এখানে ‘গুপ্ত’ কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) গদ্যরূপ নির্দেশ করো :
বিজুরি; নেহারব ।
- (খ) স্তানদাস চৈতন্য-পূর্ববর্তী না চৈতন্য-পরবর্তী যুগের কবি ?
তিনি কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা ?
- (গ) নিত্যানন্দ কোন্ মাসের, কোন্ তিথিতে জন্মগ্রহণ
করেছিলেন ?
- (ঘ) “প্রভু বলে যদি মোর প্রাণরক্ষা চাহ ।
তবে বাঁট দুই ব্রাহ্মণের ঘর যাহ ॥”
এই দুই ব্রাহ্মণ কে কে ?
- (ঙ) চট্টগ্রামে জন্মেছেন এমন দুজন বৈষ্ণবের নাম লেখো ।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) “কোথায় পরাণনাথ বলি খেনে কান্দে ।
পূরব বিরহ-স্বরে থির নাহি বাস্কে ॥”
এখানে ‘পূরব বিরহ-স্বরে’ কাব্যংশটির তাৎপর্য বিষয়ে যা
জানো, লেখো ।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“রূপে ভরল দিঠি সোঙরি পরশ মিঠি
পুলক না তেজই অঙ্গ ।
মোহন মুরলী রবে শ্রুতি পরিপূরিত
না শুনে আন পরসঙ্গ ॥”

(গ) তাৎপর্য বিশ্লেষণ করো :

“এ ঘোর রজনী মেঘের ঘটা
কেমনে আইল বাটে ।
আঙ্গিনার মাঝে বঁধুয়া ভিজিছে ।
দেখিয়া পরাণ ফাটে ॥”

(ঘ) নবদ্বীপের ব্রাহ্মণরা বালক চৈতন্যের বিরুদ্ধে তাঁর বাবার কাছে যে অভিযোগ করেছিলেন তা সংক্ষেপে লেখো ।

(ঙ) টীকা লেখো :

ঈশ্বরপুরী অথবা নিত্যানন্দ

(চ) মহাপ্রভুর বাল্যলীলা বর্ণনায় দুই চোরের কাহিনিটি সম্বন্ধে যা জানো, লেখো ।

ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর লেখো :

১০×৪=৪০

ক—গুচ্ছ

৪। (ক) গৌরাঙ্গ-বিষয়ক পদ ও গৌরচন্দ্রিকার পদের মধ্যে কোনো পার্থক্য আছে কি? উদাহরণসহ তোমার বক্তব্য বুঝিয়ে দাও ।

(খ) তোমার পঠিত ‘বৈষ্ণব পদাবলী’ গ্রন্থ থেকে উদাহরণ দিয়ে ‘পূর্বরাগ’ পর্যায়ে চণ্ডীদাসের কৃতিত্ব বিশ্লেষণ করো ।

- (গ) মাথুর পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্ব তোমার পঠিত পদ অবলম্বনে আলোচনা করো ।
- (ঘ) “মানুষের হৃদয়ের যে প্রবৃত্তি মৌলিক সেই ভালো লাগাকে চিরন্তন করিয়া ভালোবাসিবার ঙ্গা বৈষ্ণব পদাবলীর প্রেরণার উৎস ।” তোমার পঠিত অংশ থেকে উপযুক্ত উদাহরণ দিয়ে মন্তব্যটির সার্থকতা নির্ণয় করো ।

খ—গুচ্ছ

- ৫। (ক) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থে একটি বিশেষ যুগের সমাজচিত্র কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করে দেখাও ।
- (খ) “শ্রীচৈতন্যের ভাগবতী তনুর অন্তরালবতী মানবিক সত্তাটিকে বৃন্দাবনদাস বিশেষ কৃতিত্বের সঙ্গে পল্লিস্ফুট করেছেন ।” মন্তব্যের সারবত্তা প্রতিপন্ন করো ।
- (গ) চৈতন্যের বাল্যলীলা বর্ণনায় বৃন্দাবনদাস চৈতন্যের দুর্বীর দুরন্তপনার যে চিত্রগুলো উপস্থাপিত করেছেন তার বিবরণ দাও ।
- (ঘ) “শ্রীচৈতন্যের বাল্যজীবনের মধ্যে বৃন্দাবনদাস শ্রীকৃষ্ণের বাল্যজীবনেরই রূপভেদ দেখেছিলেন ।” ‘চৈতন্যভাগবত’ গ্রন্থের পঠিত অংশ অবলম্বনে আলোচনা করো ।
